

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানশিক্ষকের কার্যালয়

গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল

তেজগাঁও, ঢাকা।

বিজ্ঞপ্তি

তারিখঃ ২০/০২/২০২৪ খ্রি.

বিদ্যালয়ের উভয় শিফটের ছাত্র, শিক্ষক ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে আগামীকাল ২১/০২/২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার নিম্নোক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকলকে যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেয়া হলো।

২১ ফেব্রুয়ারি-২০২৪ এর কর্মসূচি

- জাতীয় পতাকা উত্তোলন : সকাল ৬.৩০ টা
- প্রভাতফেরি : সকাল ৮.০০ টা
- হাতের লেখা, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা : সকাল ৯.০০ টা
- আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান : সকাল ১০.০০টা
- পুরস্কার বিতরণ
- দোয়া মাহফিল

বিষয়	গ্রুপ	শ্রেণি	বিষয়বস্তু
হাতের লেখা	ক	২য়--৪র্থ	সুন্দর হাতের লেখা
চিত্রাঙ্কন	খ	৫ম--৮ম	ভাষা আন্দোলনের মিছিল
রচনা	ক	৯ম--১০ম	একুশ মানে মাথা নত না করা

(রহিমা আক্তার)

প্রধান শিক্ষক

গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল

তেজগাঁও, ঢাকা।